

🗏 আশ-শুআ'রা | Ash-Shu'ara | ٱلشُّعَرَاء

আয়াতঃ ২৬: ২১৮

আরবি মূল আয়াত:

الَّذِي يَرْبِكَ حِينَ تَقُومُ ﴿٢١٨﴾

🗚 আনুবাদসমূহ:

'যিনি তোমাকে দেখেন যখন তুমি দন্তায়মান হও' — আল-বায়ান

যিনি তোমাকে দেখেন যখন তুমি (নামাযের জন্য) দন্ডায়মান হও। — তাইসিরুল

যিনি তোমাকে দেখেন যখন তুমি দন্ডায়মান হও (সালাতের জন্য)। — মুজিবুর রহমান

Who sees you when you arise — Sahih International

২১৮. যিনি আপনাকে দেখেন যখন আপনি দাঁড়ান(১),

- (১) এ আয়াতের তাফসীরে কয়েকটি বর্ণনা এসেছে-
- (এক) আপনি একমাত্র আল্লাহর উপরই ভরসা করুন যিনি আপনার হেফাজত করবেন, আপনার সাহায্য-সহযোগিতা করবেন। যেমনটি অন্য আয়াতে বলা হয়েছে- "আপনি আপনার প্রভূর নির্দেশের উপর ধৈর্য ধারণ করুন, কারণ আপনি আমাদের হেফাজতে রয়েছেন। আমাদের চক্ষুর সামনেই আছেন। [সূরা আত-তূরঃ ৪৮]
- (দুই) ইবনে আব্বাস বলেনঃ যিনি আপনাকে দেখেন যখন আপনি সালাতে দাড়ান।
- (তিন) ইকরামা বলেনঃ যিনি তার কিয়াম, রুকু', সিজদা ও বসা দেখেন।
- (চার) কাতাদাহ বলেনঃ সালাতে দেখেন, যখন একা সালাত আদায় করেন এবং যখন জামাআতে অন্যদের সাথে সালাত আদায় করেন। এটা ইকরামা, হাসান বসরী, আতা প্রমুখেরও মত। [দেখুন: ইবন কাসীর, কুরতুবী, বাগভী]

তাফসীরে জাকারিয়া

(২১৮) যিনি তোমাকে দেখেন; যখন তুমি দন্ডায়মান হও (নামাযে)।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3150



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন